

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫
www.srdi.gov.bd

নম্বর ১২.০৩.০০০০.০০৩.১১.০০১.১৬.১৫০

তারিখ ৩০ মাঘ ১৪২৬

১৩ ফেব্রুয়ারি ২০২০

নিয়োগ পত্র

গত ২৩/০৮/২০১৬ খ্রিঃ এবং ২২/০১/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির সুপারিশক্রমে মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর রাজস্ব খাতের ২০ গ্রেডভুক্ত (৪র্থ শ্রেণি) ফিল্ডম্যান-এর ১০ (দশ)টি শূন্য পদে নিম্নবর্ণিত প্রার্থীগণকে তাদের স্ব স্ব নামের পার্শ্বে বর্ণিত পদ ও জাতীয় বেতন স্কেল ২০১৫ এ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো।

ক্রমিক নং	প্রার্থীর রোল নম্বর	প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম ও বেতন স্কেল (জাঃ বেঃ স্কেঃ ২০১৫)	পদায়নকৃত কর্মস্থল	মন্তব্য
১।	৬০০৯২	পুষ্প রঞ্জন বর্মন মাতা-জয়ন্তী রানী পিতা-মহেন্দ্র নাথ বর্মন	গ্রাম-পূর্ব বেজ গ্রাম, ডাকঘর- নওদাবাস, উপজেলা- হাতিবন্ধা, জেলা- লালমনিরহাট পোস্ট কোড-৫৫৩০।	ফিল্ডম্যান টাকা : ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী।	
২।	৬০৫০৭	মোঃ তাজুল ইসলাম মাতা- মোছাঃ তছলিমা বেগম পিতা- মোঃ জিকরুল হক	গ্রাম-কাদিখোল, ডাকঘর-সংলশী (কাজির হাট), উপজেলা-নীলফামারী সদর, জেলা- নীলফামারী পোস্ট কোড-৫৩০০।	ফিল্ডম্যান টাকা : ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর।	
৩।	৬০৬৫৮	সাজেদুল হাসান মাতা- উম্মে হালমা পিতা- আবদুস সোবাহান	গ্রাম-ধলিয়া, ডাকঘর- ধলিয়া বাজার, উপজেলা-ফেনী সদর, জেলা-ফেনী পোস্ট কোড-৩৯০০।	ফিল্ডম্যান টাকা : ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, জেলা কার্যালয়, পটুয়াখালী।	
৪।	৬০৭৪০	বিউটি আক্তার মাতা-কুলসুম বেগম পিতা- আব্দুল ছাত্তার	গ্রাম-বারেরা, ডাকঘর- বারেরা, উপজেলা- দেবীদ্বার, জেলা- কুমিল্লা	ফিল্ডম্যান টাকা : ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, জেলা কার্যালয়, চট্টগ্রাম।	মুক্তিযোদ্ধা কোটা
৫।	৬০৮৮৯	মোঃ আব্দুর রহমান মাতা- জয়গুন বেগম পিতা- মোঃ লোকমান সিকদার	গ্রাম-কৃষ্ণদিয়ার কোল, ডাকঘর- বলরামপুর, উপজেলা- নাগরপুর, জেলা- টাংগাইল পোস্ট কোড-১৯৩৭।	ফিল্ডম্যান টাকা : ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা জরিপ ব্যাখ্যা শাখা, ঢাকা।	

৬।	৬০৯৪৫	সাবিনা ইয়াছমিন মাতা-মর্জিনা আক্তার পিতা- মোঃ ফারুক	গ্রাম-কালঘরা, ডাকঘর- কালঘরা, উপজেলা-নবীনগর, জেলা-ব্রাহ্মণবাড়ীয়া।	ফিল্ডম্যান টাকা : ৳২৫০-২০০১০/- (গ্রেড-২০)	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা।	মহিলা কোটা
৭।	৬০৯৬৯	মোঃ রোকনুজ্জামান মোড়ল মাতা-মোমেনা বেগম পিতা- মোঃ আলাউদ্দীন মোড়ল	গ্রাম-ডুমুরিয়া, ডাকঘর-মামুদকাটা, উপজেলা- তালা, জেলা-সাতক্ষীরা পোস্ট কোড-৯৩৮৩।	ফিল্ডম্যান টাকা : ৳২৫০-২০০১০/- (গ্রেড-২০)	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, খুলনা।	আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটা
৮।	৬১০২১	ভাস্কর হাজং মাতা-পারুল রানী সরকার পিতা-ভব বিকাশ সরকার	গ্রাম-কয়ডাকুড়ি, ডাকঘর-নিশিন্তপুর, উপজেলা- নালিতাবাড়ী, জেলা- শেরপুর পোস্ট কোড-২১১১	ফিল্ডম্যান টাকা : ৳২৫০-২০০১০/- (গ্রেড-২০)	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, জেলা কার্যালয়, ফরিদপুর।	ক্ষুদ্র নৃ- গোষ্ঠী
৯।	৬১০৭০	তানভীর রহমান সাহেদ মাতা-মোছাঃ খাদিজা সিকদার পিতা- মোঃ সেলিম সিকদার	গ্রাম-চাঞ্চলতলা, ডাকঘর-খলাপাড়া, উপজেলা-ঘাটাইল, জেলা-টাংগাইল পোস্ট কোড-১৯৮৩।	ফিল্ডম্যান টাকা : ৳২৫০-২০০১০/- (গ্রেড-২০)	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, জেলা কার্যালয়, টাংগাইল।	
১০।	৬১১২৭	সাবিনা ইয়াছমিন মাতা- সুফিয়া আক্তার পিতা- মোঃ শামছুজ্জামান	গ্রাম-সুলতানপুর, ডাকঘর-চৌদ্দশত, উপজেলা-কিশোরগঞ্জ সদর, জেলা- কিশোরগঞ্জ পোস্ট কোড-২৩০০।	ফিল্ডম্যান টাকা : ৳২৫০-২০০১০/- (গ্রেড-২০)	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, সিলেট।	মুক্তিযোদ্ধা কোটা

২। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

৩। নিয়োগের শর্তাবলী :

(ক) নিয়োগ প্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিসকালে তার কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে তার শিক্ষানবিসকালের মেয়াদ বর্ধিত করা যেতে পারে। বর্ধিত মেয়াদে শিক্ষানবিস থাকাকালীন অবস্থায় কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার চাকরির অবসান ঘটাতে পারবেন। পক্ষান্তরে, শিক্ষানবিসকাল সাফল্যের সাথে অতিক্রম করার পর উক্ত পদের অনুমোদিত নিয়োগ বিধির শর্ত মোতাবেক পদটি স্থায়ী হওয়া সাপেক্ষে সংশ্লিষ্ট ব্যক্তিকে চাকরিতে স্থায়ী করা যেতে পারে।

(খ) নিয়োগ প্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগ প্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গড়মিল এবং শিক্ষাগত যোগ্যতার সনদের বিষয়ে সঠিকতা প্রমাণিত না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(গ) বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষা, উপজাতি, এতিম ও শারীরিক প্রতিবন্ধী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য) নিয়োগ প্রাপ্তদের সংশ্লিষ্ট সনদপত্রসমূহ যাচাই-বাছাই এ গড়মিল পরিলক্ষিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(ঘ) নিয়োগ প্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতিয়মান হলে কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন।

(ঙ) চাকরিতে যোগদানের সময় 'যৌতুক দিবেন না ও নিবেন না' মর্মে একটি অঙ্গীকার নামা প্রদান করতে হবে।

(চ) চাকরিতে তার/তাদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী।

(ছ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার টিএ/ডিএ পাবেন না।

(জ) উক্ত পদ হতে পদত্যাগ করতে চাইলে ন্যূনপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে লিখিত নোটিশ দিতে হবে অথবা তা দিতে ব্যর্থ হলে ন্যূনপক্ষে ৩০ (ত্রিশ) দিনের বেতন যা নিয়োগকারী কর্তৃপক্ষ ধার্য করবেন তা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের মূল কপি কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

(ঝ) জনস্বার্থে তাকে অত্র ইনস্টিটিউট-এর অধীনস্থ যে কোন কার্যালয়ে বৎসরের যে কোন সময়ে বদলী করা যাবে এবং বিনা আপত্তিতে তিনি উক্ত আদেশ পালন করতে বাধ্য থাকবেন।

(ঞ) নিয়োগ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৪। উপরোক্ত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ০১/০৩/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে তার/তাদের নামের পার্শ্বে উল্লিখিত কর্মস্থলে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে (০১/০৩/২০২০) চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

১০-২-২০২০

বিধান কুমার ভান্ডার
পরিচালক

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উন্নয়ন/জরিপ/মৃত্তিকা পরীক্ষা বিভাগ, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
- ২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/খুলনা/সিলেট।
- ৩) পুলিশ সুপার, জেলা স্পেশাল ব্রাঞ্চ, -----।
- ৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৬) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, -----।
- ৭) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, চট্টগ্রাম/পটুয়াখালী/ফরিদপুর/টাংগাইল।
- ৮) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----।
- ৯) সিনিয়র সহকারী প্রধান, পরিসংখ্যান ও গবেষণা কোষ/উদ্বৃত্ত কর্মচারী শাখা, সওব্য উইং, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০) সহকারী পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
- ১১) সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
- ১২) জনাব-----মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, --

----- |
১৩) অফিস কপি/ব্যক্তিগত নথি।